



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১৫২০



নং- বামাশিবো/প্রশাসন/কুষ্টিয়া-১৪/ ২০১৫/২

তারিখঃ ১০/১০/২০১৫খ্রিঃ

বিষয়ঃ “খোকসা দারুল উলুম দাখিল মাদ্রাসা”র নাম পরিবর্তন করে “আলহাজ্ব মোঃ সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা” নামে নামকরণ বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ০৫.৪৪.৫০০০.০১২.৫৬.০৪০.১৭-২০৪ (যুক্ত); তারিখঃ ২৪ মে ২০১৫খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সর্বিনয়ে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার খোকসা উপজেলাধীন “খোকসা দারুল উলুম দাখিল মাদ্রাসা”র নাম পরিবর্তন করে “আলহাজ্ব মোঃ সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা” নামে নামকরণের জন্য মাদরাসার সুপার প্রয়োজনীয় কাগজপত্র ও বোর্ড ফিসহ আবেদন করেন (কপি সংযুক্ত)।


২) সুপারের আবেদনের সঙ্গে সংযুক্ত কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায়, মাদরাসার বর্তমান নাম পরিবর্তন করে ব্যক্তির নামে নামকরণের লক্ষ্যে ০২/১১/২০১৬ ও ০৫/১১/২০১৬ খ্রিঃ তারিখের ম্যানেজিং কমিটির সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করে ব্যক্তির নামে নামকরণ একটি গুরুত্বপূর্ণ বিষয় বিধায় অত্র দপ্তরের নং- বামাশিবো/প্রশা/কুষ্টিয়া-১৪/১৮০৮/৭; তারিখঃ ১৮/০৪/২০১৫ খ্রিঃ স্মারকে স্থানীয় প্রশাসনের মতামতের জন্য জেলা প্রশাসক, কুষ্টিয়া-কে পত্র দেওয়া হয় (কপি সংযুক্ত)।

৩) পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসক, কুষ্টিয়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খোকসা, কুষ্টিয়া এর মাধ্যমে তদন্ত করিয়ে প্রতিবেদনের সাথে একমত পোষন পূর্বক সূত্রে উল্লিখিত স্মারকে যে প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন তা পর্যালোচনায় দেখা যায়, “খোকসা দারুল উলুম দাখিল মাদ্রাসা”র নাম পরিবর্তন করে “আলহাজ্ব মোঃ সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা” নামে নামকরণের বিষয়ে স্থানীয় শিক্ষানুরাগী ও গণ্যমান্য ব্যক্তিদের শুনানী গ্রহণ পূর্বক কোন আপত্তি নেই মর্মে মতামতে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

৪) এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের নং- শাঃ ১১/বিবিধ-৩৯/৯৬/৩৫৯(৬০৫)-শিক্ষা; তারিখঃ ১০/০৪/২০০১ খ্রিঃ স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংক, খোকসা শাখা, কুষ্টিয়া-এ ১০,০৮,০৯৯/- (দশ লক্ষ আট হাজার নিরানব্বই) টাকা সংরক্ষিত তহবিলে জমা আছে এবং হিসাবটি জেলা শিক্ষা অফিসার ও সুপারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হয় মর্মে প্রত্যয়নপত্র দাখিল করা হয়েছে (কপি সংযুক্ত)।

৫) অপরদিকে “খোকসা দারুল উলুম দাখিল মাদ্রাসা”র নাম পরিবর্তন করে ব্যক্তির নামে নামকরণ না করার বিষয়ে মাননীয় সংসদ সদস্য ৭৮, কুষ্টিয়া-৪ ও সদস্য-সরকারি প্রতিষ্ঠান সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি জনাব আব্দুর রউফ একটি ডিও পত্র বোর্ডে প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় “খোকসা দারুল উলুম দাখিল মাদ্রাসা”র নাম পরিবর্তন করে “আলহাজ্ব মোঃ সদর উদ্দিন খান দাখিল মাদ্রাসা” নামে নামকরণ করার বিষয়ে সদয় নির্দেশনা প্রদানের জন্য সর্বিনয়ে অনুরোধ করা হলো।

  
প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্লাহ  
চেয়ারম্যান  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

সচিব  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।